ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৪০৩
শান্তিরবাজার,২৮ এপ্রিল,২০২৫

**বকাফা ব্লকে ৮,৩৭০ জন**
**সামাজিক সুরক্ষা ভাতা পাচ্ছেন**

বকাফা ব্লক এলাকার মোট ৮ হাজার ৩৭০ জন সুবিধাভোগীকে জাতীয় সামাজিক সুরক্ষা ভাতা এবং রাজ্য সরকারের সামাজিক সুরক্ষা ভাতা দেওয়া হচ্ছে। প্রত্যেক সুবিধাভোগী মাসিক ২ হাজার টাকা করে ভাতা পাচ্ছেন। কেন্দ্রীয় সরকারের জাতীয় সামাজিক সুরক্ষা ভাতা পাচ্ছেন ২,৭৮৯ জন এবং রাজ্য সরকারের সামাজিক সুরক্ষা ভাতা পাচ্ছেন ৫,৫৮১ জন। বকাফা নিবিড় শিশু উন্নয়ন প্রকল্প আধিকারিক কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়।

*****